

গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

পত্র নং- ৫৮.০৪.০০০০.০২২.০২.০০২.২০১৭-৮৪২ (১০৫)

তারিখ : ২৫ অগ্রহায়ণ ১৪২৪ বঃ
২৭ নভেম্বর ২০১৭ খ্রিঃ


বিষয় : শ্রান্তি বিনোদন ছুটি মঞ্জুরীর আদেশ/প্রজ্ঞাপন জারী করণ প্রসঙ্গে।

ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, কতিপয় দপ্তর/কারাগার কর্তৃক কারা কর্মকর্তা/কর্মচারীদের মঞ্জুরীকৃত শ্রান্তি বিনোদন ছুটির আদেশ/প্রজ্ঞাপনে প্রয়োজনীয় তথ্যাদি লিপিবদ্ধ না করেই ছুটি মঞ্জুরীর আদেশ/প্রজ্ঞাপন জারী করা হয়। ফলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর শ্রান্তি বিনোদন ছুটি আদৌ পাওনা হয়েছে কিনা, হয়ে থাকলে কত তারিখে পাওনা হয়েছে এবং কত তারিখে ছুটি মঞ্জুরীর জন্য আবেদন করেছেন ইত্যাদি তথ্য জানা সম্ভব হয় না। শ্রান্তি বিনোদন ছুটি পাওনা হওয়া এবং উক্ত ছুটি মঞ্জুরীর সঠিকতা নিশ্চিত করার লক্ষ্যে বর্ণিত ছুটির মঞ্জুরীর আদেশ/প্রজ্ঞাপনে নিম্নোক্ত ছক মোতাবেক তথ্যাদি উল্লেখ থাকা আবশ্যিক।

কর্মকর্তা/কর্মচারীর বর্তমান পদবী ও কর্মস্থল	অব্যবহিত পূর্বের শ্রান্তি বিনোদন ছুটির আবেদনের তারিখ	বর্তমান শ্রান্তি বিনোদন ছুটি পাওনা হওয়ার তারিখ	শ্রান্তি বিনোদন ছুটি পাওনা হওয়ার পূর্ববর্তী মাসের মূল বেতন	অব্যবহিত পূর্বের শ্রান্তি বিনোদন ছুটি মঞ্জুরীর আদেশ/প্রজ্ঞাপন নম্বর ও তারিখ
১	২	৩	৪	৫

অতএব, এখন থেকে কারা কর্মকর্তা/কর্মচারীদের শ্রান্তি বিনোদন ছুটি মঞ্জুরীর আদেশ/প্রজ্ঞাপনে উপর্যুক্ত ছক মোতাবেক তথ্যাদি লিপিবদ্ধ পূর্বক উক্ত ছুটি মঞ্জুরীর আদেশ/প্রজ্ঞাপন (প্রযোজ্য ক্ষেত্রে) জারী করার নির্দেশ প্রদান করা হলো।

উল্লেখ্য, এ বিষয়ে সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, প্রশাসন-১ অধিশাখার অফিস আদেশ নং-স্বঃ মঃ (প্রশা-১)-৬৬৪ তারিখঃ ১১-৫-২০১৬ খ্রিঃ অবশ্য পালনীয়।


মোঃ ইকবাল হাসান বিজিবিএম
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক
ফোনঃ ৫৭৩০০২২২
addl.ig@prison.gov.bd

বিতরণঃ

- ১। কারা উপ মহাপরিদর্শক (সদর দপ্তর), কারা অধিদপ্তর, ঢাকা।
- ২। কারা উপ মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর।
- ৩। সিনিয়র জেল সুপার, সকল কেন্দ্রীয় কারাগার।
- ৪। জেল সুপার, সকল জেলা কারাগার।
- ৫। সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
- ৬। পরিচালক (ইনচার্জ), কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৭। প্রশাসনিক কর্মকর্তা-১ ও ২/পরিসংখ্যানবিদ/বাজেট অফিসার, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্সটিটিউট ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটিসেল, কারা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
- ১০। শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।
- ১১। কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক এর ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা।